

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
হার পাওয়ার প্রকল্প (Her Power Project) : প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স (এনএসটিএসসি) (১১ তলা), ই-১৩/ডি, ই, আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বরঃ ৫৬.০৪.০০০০.০০০.২৫.০০২.২৩-৭৮৭

তারিখ: ৩০ ডাঃ, ১৪৩০ বঙ্গাব্দ  
১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "হার পাওয়ার প্রকল্প (Her Power project): প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন" প্রকল্পের প্রশিক্ষণার্থীদের আবেদন গ্রহণ ও বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ প্রসঙ্গে।

সূত্রঃ হার পাওয়ার প্রকল্পের ০৬ জুলাই, ২০২৩ খ্রি. তারিখের ৫৬.০৪.০০০০.০০০.২৫.০০২.২৩-৪৯০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "হার পাওয়ার প্রকল্প (Her Power Project): প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন" প্রকল্পের প্রশিক্ষণার্থী বাছাই ও মনিটরিং এর জন্য উপজেলা পর্যায়ে কমিটি গঠিত হয়েছে। প্রশিক্ষণ শুরুর লক্ষ্যে গত ২৩ আগস্ট ২০২৩ তারিখ হতে প্রশিক্ষণার্থীদের আবেদন গ্রহণ শুরু হয়েছে। উল্লেখ্য যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামী ০৫ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখে হার পাওয়ার প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের শূন্য উদ্বোধন করার সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে, ১ম পর্যায়ের আবেদন গ্রহণ প্রক্রিয়া আগামী ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন।

০২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে উপজেলা পর্যায়ের গঠিত কমিটিকে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করার জন্য অনুরোধ করা হলঃ

- ✓ ব্যাপক প্রচারের মাধ্যমে সর্বোচ্চ সংখ্যক আবেদন গ্রহণ নিশ্চিত করা (ফেসবুকে প্রচার, জনপ্রতিনিধিগণকে সম্পৃক্তকরণ, কলেজ/মাদ্রাসার অধ্যক্ষগণকে সম্পৃক্তকরণ ইত্যাদি)।
- ✓ ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদন উপজেলা কমিটির সদস্যদের সমন্বয়ে প্রাথমিকভাবে যাচাই।
- ✓ ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে লিখিত/মৌখিক পরিক্ষা সম্পন্ন করা।
- ✓ ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখে চূড়ান্ত তালিকা ও অপেক্ষমান তালিকা প্রণয়ন করা।
- ✓ প্রশিক্ষণের জন্য উপযুক্ত শেখ রাসেল ডিজিটাল ল্যাব অথবা উপযোগী সরকারী/বেসরকারী ল্যাব বাছাই করা।

০৩। এমতাবস্থায়, ১ম পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার লক্ষ্যে প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১ম পর্যায়ের নির্বাচিত উপজেলাসমূহ

উপজেলা নির্বাহী অফিসার

.....  
.....

  
(রায়হানা ইসলাম)

প্রকল্প পরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব)

হার পাওয়ার প্রকল্প (Her Power Project): প্রযুক্তির সহায়তায়  
নারীর ক্ষমতায়ন

ফোনঃ +৮৮ ০২ ৪১০২ ৪০২৫

ইমেইলঃ pdherpower@doict.gov.bd

অনুলিপিঃ(অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা .....
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা .....
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা .....
- ৪। সহকারী প্রোগ্রামার.....

বিতরণঃ(সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, .....
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), .....
- ৩। প্রোগ্রামার, জেলা কার্যালয়, ..... তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অফিস কপি।